রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
অর্থ ও হিসাব শাখা,
রাজউক ভবন, ঢাকা।
rajuk.fa23@gmail.com

স্মারক নং ২৫.৩৯.০০০০.০২৩.৯৯.০০৯.২৩ তারিখ চৈত্র,১৪৩২ বঙ্গাব্দ / এপ্রিল,২০২৬খ্রি.

বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের সংশোধিত বাজেটের কতিপয় বিষয়ে অবহিত করণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬ তারিখ- ০৫ এপ্রিল/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভুত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী ২০২৫-২০২৬ অরথ বছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ করা হয়েছে। এমতাবস্থায়,পরিপত্রে জারীকৃত পত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন/প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: পরিপত্রের কপি।

স্বাঃ
(মোঃ আবু কাওছার মল্লিক)
পরিচালক (অর্থ ও হিসাব)
রাজধানী উন্নয়ন র্তৃপক্ষ,ঢাকা।

স্মারক নং ২৫.৩৯.০০০০.০২৩.৯৯.০০৯.২৩ -৫৬ (২৫) তারিখ ২৩ চৈত্র,১৪৩২ বঙ্গাব্দ / ০৬ এপ্রিল,২০২৬খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (সকল),রাজউক,ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন/প্রকল্প ও ডিজাইন),রাজউক,ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,রাজউক,ঢাকা (রাজউকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। প্রধান নগর পরিকল্পনাবিদ,রাজউক,ঢাকা।
৫। প্রধান নগর স্থপতি,রাজউক,ঢাকা।
৬। পরিচালক (সকল),রাজউক,ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল),রাজউক,ঢাকা।
৮। নগর পরিকল্পনাবিদ (নগর পরিকল্পনা ও বাস্তবায়ন/পরিকল্পনা ও প্রনয়ন),রাজউক,ঢাকা।
৯। নগর স্থপতি,রাজউক,ঢাকা।
১০। উপপরিচালক (সকল),রাজউক,ঢাকা।
১১। উপনগর পরিকল্পনাবিদ (সকল),রাজউক,ঢাকা।
১২। নির্বাহী প্রকৌশলী (সকল),রাজউক,ঢাকা।
১৩। অথরাইজড অফিসার (সকল),রাজউক,ঢাকা।
১৪। প্রোগ্রামার (সকল),রাজউক,ঢাকা।
১৫। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল),রাজউক,ঢাকা।
১৬। আইন কর্মকর্তা (সকল),রাজউক,ঢাকা।
১৭। উপস্থপতি (সকল),রাজউক,ঢাকা।
১৮। লিয়াঁজো অফিসার,রাজউক,ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬/৪/২৬
পরিচালক (অর্থ ও হিসাব)
রাজধানী উন্নয়ন র্তৃপক্ষ,ঢাকা।

07.04.2026
Programmer
9/4/2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ / ০৫ এপ্রিল ২০২৬

## পরিপত্র

বিষয়: **২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও অধিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

এই আদেশ জারির তারিখ হতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;

(৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;

(৪) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;

(৫) '৩২১১১১১-সেমিনার/কনফারেন্স ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরনের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপ্যায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;

(৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;

(৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে;

(১০) পরিচালন বাজেটের আওতায় '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে ব্যয় বন্ধ থাকবে। তবে উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং

(১১) সরকারি কর্মচারীদের গাড়ী ক্রয়ে সুদমুক্ত বিশেষ অগ্রিম (৭২১৫১০৩-সুদমুক্ত ঋণ) প্রদান বন্ধ থাকবে।

০৫.৪.২৬

(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
৯৫১ ৪১৪৬
ই-মেইল: zakirh@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, .................................................. মন্ত্রণালয়/বিভাগ
৬. সামরিক সচিব, জনপ্রশাসন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)